পাওয়ার গ্রিড বাংলাদেশ পিএলসি
POWER GRID BANGLADESH PLC
(An Enterprise of Bangladesh Power Development Board)

Grid Bhaban, Avenue-3, Jahurul Islam City, Aftabnagar, Badda, Dhaka-1212 Web: www.powergrid.gov.bd

স্মারক নং- ২৭.২১.০০০০.৪৫৩.১৮.০০৩.২৬.১৪৭৭ তারিখঃ ১০/০৯/২০২৬খ্রিঃ

নবনির্মিত সাতক্ষীরা মনিরামপুর ১৩২ কেভি সঞ্চালন লাইন চার্জিং এর সতর্কীকরন বিজ্ঞপ্তি

পাওয়ার গ্রিড বাংলাদেশ পিএলসি কর্তৃক বাস্তবায়নাধীন "ঢাকা এবং পশ্চিমাঞ্চলীয় গ্রিড সঞ্চালন ব্যবস্থা সম্প্রসারণ" শীর্ষক প্রকল্পের আওতায় নবনির্মিত **"সাতক্ষীরা-মনিরামপুর ১৩২ কেভি সঞ্চালন লাইন",** ১৪ সেপ্টেম্বর ২০২৬, সোমবার, দুপুর ১২:০০ টায়, ১৩২ কেভি বা ১,৩২,০০০ ভোল্টেজ দ্বারা চালু করা হবে। চালুর পর হতে উক্ত বৈদ্যুতিক লাইন সার্বক্ষণিক ১,৩২,০০০ ভোল্টেজে বিদ্যুতায়িত থাকবে। উক্ত লাইনটি সাতক্ষীরা গ্রিড উপকন্দ্র হতে সাতক্ষীরা জেলার অন্তর্গত সাতক্ষীরা সদর, তালা উপজেলা এবং যশোর জেলার অন্তর্গত মনিরামপুর ও কেশবপুর উপজেলার উপর দিয়ে নবনির্মিত মনিরামপুর গ্রিড উপকেন্দ্রের সাথে যুক্ত হয়েছে।

নবনির্মিত ১৩২ কেভি বিদ্যুৎ সঞ্চালন লাইনের টাওয়ারসমূহে আরোহন, গবাদি পশু বাঁধা, টাওয়ারে রশি বেঁধে কাপড় শুকানো, লাইনের নিচে ও পাশে বাঁশঝাড় ও বড় বৃক্ষাদি রোপন প্রভৃতি ঝুঁকিপূর্ণ কাজ হতে বিরত থাকার জন্য এবং সঞ্চালন লাইন হতে নিরাপদ দূরত্ব বজায় রাখার জন্য সর্বসাধারণকে অনুরোধ করা যাচ্ছে। উচ্চ ভোল্টেজে বিদ্যুতায়িত উক্ত সঞ্চালন লাইন/ টাওয়ারের সংস্পর্শে এসে কেউ দূর্ঘটনার শিকার হলে পাওয়ার গ্রিড কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

মোহাম্মদ ফয়জুল কবীর
প্রকল্প পরিচালক (প্রধান প্রকৌশলী)
ঢাকা এবং পশ্চিমাঞ্চলীয় গ্রিড সঞ্চালন ব্যবস্থা সম্প্রসারণ প্রকল্প